দৈনিক
ইনকিলাব

তারিখ ৪/৫/০৬
পৃষ্ঠা ৮ কলাম ৩

# শিক্ষা পদ থেকে প্রশাসন ক্যাডার কর্মকর্তাদের প্রত্যাহার শুরু

স্টাফ রিপোর্টার ঃ সরকারী কলেজ শিক্ষকদের প্রতিবাদের মুখে শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন দফতরে সম্প্রতি পদায়নকৃত উপসচিবদের অবশেষে প্রত্যাহার করে নিতে শুরু করেছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল (শনিবার) মাধ্যেম, ব্যানবেইস ও এনসিটিবি থেকে ৪ জন উপসচিবকে প্রত্যাহার করে ভিন্ন প্রকল্পে বদলী করা হয়েছে। চলতি সপ্তাহে

২-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## শিক্ষা পদ থেকে ৮-এর পৃষ্ঠার পর

প্রশাসন ক্যাডারের আরো কয়েকজন উপসচিবকে শিক্ষা বিভাগ থেকে প্রত্যাহার করা হবে এবং পর্যায়ক্রমে শিক্ষা ক্যাডারের পদগুলো থেকে প্রশাসন ক্যাডার কর্মকর্তাদের প্রত্যাহার সম্পন্ন করা হবে বলে শিক্ষা সচিব মুহম্মদ শহীদুল আলম গতকাল (শনিবার) ইনকিলাবকে জানান।

এদিকে গত প্রায় আড়াই বছর ধরে বন্ধ ১৮শ' প্রভাষকের সিলেকশন গ্রেড প্রদান প্রসঙ্গে গতকাল বিভাগীয় পদোন্নতি কমিটির সভায় প্রথম পর্যায়ে ৫০১ জন সিনিয়র প্রভাষককে সিলেকশন গ্রেড দেয়া হয়েছে। আগামী সপ্তাহে আরো ৮০ জনকে সিলেকশন গ্রেড প্রদান করা হবে উল্লেখ করে শিক্ষা সচিব জানান, বর্তমানে সিলেকশন গ্রেডের জন্য ৫৮১টি পদশূন্য রয়েছে। অর্থ মন্ত্রণালয় রাজি হলে শিগগিরই শিক্ষকদের অর্জিত ছুটিও মঞ্জুর করা হবে।

শিক্ষকদের দাবী-দাওয়া আদায়ের জন্য আন্দোলন-ধর্মঘটের কোন প্রয়োজন নেই মন্তব্য করে তিনি বলেন, চারদলীয় জোটের সাথে জড়িত একটি মহল সুকৌশলে শিক্ষকদের উস্কে দেয়ার চেষ্টা করছে। কিন্তু এটি সফল হবে না। পিএসসির মাধ্যমে আগামী কয়েক মাসের মধ্যে ২ হাজার নতুন শিক্ষক নিয়োগসহ শিক্ষকদের পদোন্নতিও ত্বরান্বিত করা হচ্ছে বলে তিনি উল্লেখ করেন।